দর্শনায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দর্শনায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০ টায় দর্শনা পৌর আ.লীগের উদ্দ্যগে দর্শনা রেলবাজারে অবস্থিত পৌর আ.লীগের কার্যালয়ে দিবসটি উপলক্ষেবঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন শেষে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিক তুলে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব ও পৌর আ.লীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফের সভাপতিত্বে ও উপস্থাপনায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিক তুলে সংক্ষিপ্ত আলোচনা করেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর ১নং ওয়ার্ড আ.লীগের সভাপতি জয়নাল আবেদীন নফর, ২নং ওয়ার্ড আ.লীগের সাধারন সম্পাদক আব্দুল হাকিম, ৬নং ওয়ার্ড আ.লীগের সহ-সভাপতি সোলায়মান কবীর, দর্শনা সিএ্যান্ডএফ এ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক ও আ.গীগ নেতা আতিয়ার রহমান হাবু, আখচাষী কল্যান সমিতির সভাপতি ও আ.লীগ নেতা আব্দুল হান্নান, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা হীরণ, দর্শনা পৌর ছাত্রলীগের সহ-সভাপতি আশরাফুল আলম, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু, অপু সরকার, লোমান, রায়হান, প্রভাত আলম সহ আ.লীগ, যুবলীগ, পৌর ও কলেজ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

সাধারণ সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীনের মত বিনিময় সভা

দর্শনা প্রেসক্লাব সাংবাদিকদের সাথে মতবিনিময় করলেন কেরু শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক নির্বাচনে সাধারন সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীন নফর। মঙ্গলবার সন্ধায় দর্শনা প্রেসক্লাবে এ মতবিনিময় সভা অনুষ্টিত হয়।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে সাংবাদিকদে সাথে মতবিনিময় করেন শ্রমিক ইউনিয়নের ২০২৩-২৪ সালের নির্বাচনে সাধারণ সম্পাদক পদপ্রার্থী জয়নাল আবেদীন নফর।

এসময় তিনি বলেন, দেশের বিভিন্ন চিনিকল থেকে শ্রমিক নিয়ে এসে স্থানীয় চুক্তি ভিত্তিক যারা দীর্ঘদিন কাজ করে আসছে তাদেরকে বাদ দিয়ে বিভিন্ন মিল থেকে শ্রমিক নিয়ে এসেছে সিবিএ নেতারা। বর্তমান সম্পাদক মাসুদুর রহমান চুক্তি ভিত্তিক কর্মচারীদের তাদের দিন হাজীরা অথচ তাদেরেক বড় সুবিধা দিয়ে ষাট বছর অর্ডার করে নিয়ে এসেছে হেড অফিস থেকে নিজের সুবিধার জন্য। কেরু এ্যান্ড কোম্পানির শ্রমিক ও কর্মচারী ২ হাজার ৫শত ছিল, কিন্তু বর্তমান সম্পাদক মাসুদুর রহমান শ্রমিক কুমিয়ে ১ হাজার ২ শত ৬০ জনকে নিয়ে আসেন। কেরু এন্ড কোম্পানি দীর্ঘদিন (বছরের পর বছর) চুক্তি ভিত্তিক আছে তাদেরকে স্থায়ী না করে বর্তমান সিবিএ নেতারা অতিরিক্ত আরো ৩শ ২০ জনকে নিয়োগ দেন।

এসময় জয়নাল আবেদীন নফর আরও বলেন, আমি যদি আগামী নির্বাচনে জয়লাভ করতে পারি তাহলে চুক্তিভিত্তিক যারা আছে তাদেরকে আমি স্থায়ী করার জন্য আমার প্রথম কাজ। মিলে শ্রমিক লাগলে এলাকার যোগ্য ছেলের নেওয়া হবে। আমি এই প্রেসক্লাবে কথা দিচ্ছি আমি জয়লাভ করতে পারলে, যে সমস্ত শ্রমিকদের ছাটাই করা হয়েছে তাদের বর্তমান পরিবার ও সন্তানদের নিয়ে কষ্টে আছে তাদেরকে ফিরিয়ে আনার চেষ্টা করবো।

এসময় উপস্থিত ছিলেন, দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সহ-সভাপতি অবসরপ্রাপ্ত শ্রমিক ফারুক আহমেদ, অবসরপ্রাপ্ত শ্রমিক আমির হোসেন সিআইসি, ট্রাক চালক সাগর, দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক ওসমান আলী, দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি ও প্রেসক্লাবের সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু,

ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক নজরুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিকুল, সাংবাদিক সমিতির সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সিনিয়র সাংবাদিক এফএ আলমগীর, মাসুম বিল্লা, হাসমত আলী, মাহমুদুল হাসান রনি, আব্দুর রহমান, ওয়াসিম রয়েল, আবিদ হাসান রিফাত, ফরহাদসহ প্রমুখ।

দামুড়হুদায় রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা সভা

দামুড়হুদায় ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে সমলয়ে চাষাবাদে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মিশন পাড়ায়।

দামুড়হুদা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নে উক্ত আলোচনা সভায় চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান মনির, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম সহ স্থানীয় কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা ডাক বাংলা চত্তরে।

বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়বোই।

এই শ্লোগানকে সামনে রেখে উক্ত অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে, এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন – সাধারণ সম্পাদক আঃ আজিজ, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য এ্যাডঃ সিরাজুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলী।

দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাবেক আহবায়ক এ্যাডঃ আবু তালেব এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ হাশেম মেম্বার, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ রাজ্জাক ফাকের মাষ্টার।নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ সালাম, ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, সহ সভাপতি সাইফুল ইসলাম।দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম,সাবেক সাধারণ সম্পাদক নিশান তরফদার।দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি শেখ

সোহেল, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহ্বায়ক আঃ করিম, সাবেক ছাত্রলীগ নেতা আনারুল, দর্শনা কলেজ ছাত্রলীগ নেতা হৃদয় হাসান, নাহিদ বিশ্বাস অনিক , সবুজ সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, দামুড়হুদা খাঁনপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা জয়নাল আবেদীন।

চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সামনে গত ৭ জানুয়ারি ২০২৩ সকাল ১১ টার সময় ওয়েভ ফাউন্ডেশনের ৫১৪ কর্মী চাকরীচ্যুত মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশের প্রতিবাদস্বরূপ ও তীব্র নিন্দা জ্ঞাপন করে চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বিগত ৭ ই জানুয়ারি ২০২৩ বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে নারী-পুরুষ কিশোর মিলে এক মানববন্ধন করে যাদের হাতে সংস্থার নির্বাহী পরিচালক বিরোধী বক্তব্য সম্বলিত বিভিন্ন ব্যানার ফেস্টুন ছিল।সেইসাথে মানববন্ধনে সংস্থা ও সংস্থার প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলীর বিরুদ্ধে বিভিন্ন প্রকার অভিযোগ উপস্থাপনা ও তার ছবি পুড়িয়ে মানববন্ধন কর্মসূচি পালন করে । মানববন্ধনরত কর্মীরা অভিযোগ করে বলেন বিগত তিন বছরে সংস্থা কতৃক অকারণে ৫১৪ জন কর্মীকে চাকরীচ্যুত করে এবং মানববন্ধনে অংশগ্রহণকারীরা চুয়াডাঙ্গা জেলার জেলা প্রশাসকের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন। এরই পরিপ্রেক্ষিতে চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত চুয়াডাঙ্গা মালো পাড়াতে অবস্থিত ওয়েভ ট্রেনিং সেন্টারে বেলা এগারোটার সময় ফাউন্ডেশন এর গভর্নিং বোর্ড ও ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ সংবাদ সম্মেলন করে।

সংবাদ সম্মেলনে ওয়েভ ফাউন্ডেশনের পরিচালক ইফতেখার হোসেন বলেন,

এ্যাডভাইজার আব্দুস শুকুর,রিজিওন সমন্বয়কারী জিল্লুর রহমান সহ ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন ইউনিটের কর্মকর্তা বৃন্দ।

চুয়াডাঙ্গার তিতুদহে ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্রসহ আটক ৪

চুয়াডাঙ্গার তিতুদহে ডাকাতির প্রস্তুতিকালে পুলিশি অভিযানে আটক করা হয়েছে ৪ ডাকাতকে।

এসময় তাদের নিকট থাকা দেশীয় অস্ত্র-গ্রীলকাটার ও প্লাষ্টিকের রশি উদ্ধার করেছে। গতকাল রোববার দিবাগত রাতে তিতুদহের গ্রীসনগর গ্রাম হতে তাদেরকে আটক করে। আটককৃত ডাকাত দলের সকলের বাড়ি জেলার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর -মদনা ইউনিয়নে।

জানাগেছে, গতকাল রোববার দিবাগত রাত দেড়টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফর রহমানের নের্তৃত্বে দর্শনা থানাধীন তিতুদহ ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই এএম আনোয়ারুল ইসলাম সাঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে সন্ত্রাস বিরোধী অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের গ্রীরিসনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠের পূর্ব পাশে পানির ট্রাংকির সামনে।

এ সময় উক্ত স্থান হতে দেশীয় অস্ত্র-শস্ত্রে সজ্জিত হয়ে ডাকাতির প্রস্তুতি গ্রহন করা কালে ৪ জন ডাকাতকে আটক করে।

আটককৃত ৪ ডাকাত চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সড়াবাড়ীয়া উত্তরপাড়ার মৃত মজিবর রহমান ওরপে মল্লিক শাহর ছেলে শাহাবুদ্দিন ওরফে বদ্দি (৩৬) একই গ্রামের মসজিদপাড়া পাড়ার সিরাজ হোসেনের ছেলে আব্দুল মান্নান (২৫), শাহপাড়ার আব্দুর রশিদের ছেলে ইমদাদুল হাসান (২৩) ও ইউনিয়নের মদনা গ্রামের উত্তরপাড়ার কাওছার আলীর ছেলে আব্দুল আলীম (২২)। আটক হওয়া ডাকাতদের নিকট হতে উদ্ধারকৃত দেশীয় অস্ত্রের

মধ্যে অনুমান ১ ফুট ৭ ইঞ্চি লম্বা ১টি লোহার দা, অনুমান ১ ফুট ৬ ইঞ্চি লম্বা ৩টি কাঠের বাট যুক্ত হাসুয়া, কালো বাট যুক্ত লোহার তৈরি গ্রীল কাটার ১ টি, বাঁশের বাট যুক্ত লোহার হাতুড়ি ১ টি, ১ টি প্লাস ও ১০ ফুট সাদা প্লাষ্টিকের রশি।

আটককৃত ৪ ডাকাত সহ কয়েকজনকে অজ্ঞাতনামা পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে। আজ দর্শনা থানা পুলিশ ৪ জনকে ডাকাতি মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গার সাব-রেজিস্ট্রি অফিসের রবিউলের ৭ বছর দাদাগিরি

আলমডাঙ্গার সাব-রেজিস্ট্রি অফিসে ভুয়া জন্মসনদ দিয়ে লাইসেন্স বানিয়ে জমি রেজিস্ট্রি করার অভিযোগ উঠেছে দলিল লেখক রবিউল ইসলামের বিরুদ্ধে । সে কুষ্টিয়া জেলার আমবাড়িয়া ইউনিয়নের মৃত ইয়াকুব আলীর ছেলে।

দীর্ঘদিন যাবৎ সাব-রেজিস্ট্রি অফিসের সমিতি ও দাপ্তরিক কর্মচারীদের আর্থিক আতাতের মাধ্যমে দলিল লেখকের কাজ চালিয়ে আসছে। ভুয়া নাগরিক ও জন্মনিবন্ধন তথ্য প্রদানের মাধ্যমে লাইসেন্স নিয়েছে বলে অনেক দলিল লেখক অভিযোগ করেন।

স্থানীয় দলিল লেখকেরা অভিযোগ করে বলেন, গত ৭/৮ বছর পূর্বে আলমডাঙ্গার সাব-রেজিস্ট্রি অফিসে দলিল লেখকের কাজ শুরু করেন রবিউল। সে নিজের বাড়ি কালিদাসপুর ইউনিয়নের আসাননগর গ্রামে দাবি করে ভুয়া জন্মনিবন্ধন ও নাগরিক সনদপত্র সংগ্রহ করেন।

ভুয়া তথ্য ভিত্তিতে চুয়াডাঙ্গা (ডিআরও) অফিসে দলিল লেখকের লাইসেন্সের জন্য আবেদন করে। তৎসম্পর্কে যাচাই-বাছাই না করে লাইসেন্স প্রদান করে ডিআরও অফিস।

এ নিয়ে বিগত দিন দলিল লেখকেরা প্রতিবাদ করলেও তা অদৃশ্য কারণেই ধামাচাপা পড়ে। এনিয়ে বিগত দিন চুয়াডাঙ্গা জেলা সাব-রেজিস্ট্রি

অফিস ও (ডিআরও) বরাবর লিখিত অভিযোগ প্রদান করলেও রবিউলের লাইসেন্স পূর্ণবহাল থাকে।

ভুয়া দলিল লেখক রবিউল ইসলাম জানান, কুষ্টিয়া জেলার মিরপুর থানার আমবাড়িয়া ইউনিয়নের মন্ডলপাড়া গ্রামে বাড়ি। তবে, দীর্ঘদিন যাবৎ আমি আলমডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসে দলিল লেখকের কাজ করি। আমি আসাননগরে বসবাসের কারনে তখনই কাগজপত্র দিয়ে লাইসেন্স করেছি।

তিনি আরো জানান, এখনো ভোটার ও নাগরিক মীরপুর থানার আমবাড়িয়া ইউনিয়ন। দলিল লেখক রবিউলের নিকট লাইসেন্সের নাম্বার জানতে চাইলে সে দেখাতে পারেনি।

এবিষয়ে আলমডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসের দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক আমজেদ হোসেন জানান, কোনো দলিল লেখক ভুয়া জন্মনিবন্ধন ও নাগরিক সনদে লাইসেন্স পাবে না। যদি কেউ তার তথ্য গোপন রাখে তাহলে দলিল লেখক বরাবর দলিল রেজিস্ট্রি না করার জন্য দরখাস্ত প্রদান করা হবে।

তিনি আরো বলেন, রবিউলের বিষয়ে আমাদের নিকট কোন তথ্য নেই। আমি খোজখবর নিয়ে দেখছি। ঘটনার সত্যতা পেলে সমিতির পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদা হোগলডাঙ্গা গ্রামের বীর মুক্তিযোদ্ধা আঃ লতিফের ইন্তেকাল

দামুড়হুদা উপজেলার হোগলডাঙ্গা গ্রামের সাবেক উপ-সহকারী কৃষি কর্মকর্তা বীর মুক্তিযোদ্ধা আঃ লতিফ ইন্তেকাল করেছেন (ইন্না- লিল্লাহি………. রাজিঊন)।

বীর মুক্তিযোদ্ধা আঃ লতিফ দীর্ঘদিন দামুড়হুদা উপজেলা উপ-সহকারী কৃষি কর্মকর্তা হিসাবে নিয়োজিত ছিলেন।

শনিবার দুপুর ১টার দিকে কুষ্টিয়ার একটি বেসরকারি হাসপাতালে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়ে ছিলো ৭৩ বছর। তিনি দামুড়হুদা বাসট্যান্ড পাড়ায় বসবাস করতেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বেশ কিছুদিন যাবৎ তিনি দূরারোগ্য ব্যাধি ক্যানসার রোগে ভূগছিলেন। মৃত্যুর আগে তিনি নছিহত করে গিয়েছিলেন মৃত্যুর পর যেন আমাকে (আঃ লতিফ) রাষ্ট্রীয় মর্যাদায় দাফন তথা গার্ড অব অর্নার দেওয়া না হয়। এ বিষয়টি নিহতের পারিবারিক ভাবে নিশ্চিত করেছেন।

শনিবার সন্ধ্যায় দামুড়হুদা বাসস্ট্যান্ড জামে মসজিদে একাদফা জানাজা নামাজ এবং নিজ জন্মভূমি হোগলডাঙ্গায় রাত ৮টায় দ্বিতীয়দফা জানাজা নামাজ শেষে কবরস্থানে দাফন কার্যসম্পন্ন হয়।

দামুড়হুদার পীরপুরকুল্লায় বিয়ের ৫ দিনের মাথায় প্রেমিকের সাথে লাপাত্তা নববধূর

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামে বিয়ের ৫ দিনের মাথায় ঘরে স্বামী রেখে প্রেমিকের হাত ধরে নববধূর লাপাত্তা হবার ঘটনা ঘটেছে।

জানা গেছে,পীরপুরকুল্লা গ্রামের নতুন পাড়ার নাজিম উদ্দীন (কালু) ছেলে প্রবাসী আশরাফের কন্যা সপ্তম শ্রেনীর ছাত্রী আরফিনার দুধপাতিলা গ্রামের এক গরু ব্যাবসায়ী ছেলের সাথে ৫ দিন পূর্বে বাল্য বিবাহ অনুষ্ঠিত হয়। তার পরিবার বড়লোক ছেলে দেখে বিয়ে দিলেও তার মন পড়ে থাকে যশোরের প্রেমিকের প্রতি। ঘরে একদিকে নতুন জামাই আরেক দিকে আরফিনার ছোট মার আত্মীয় পরিচয়ে হাজির যশোরের সে প্রেমিক। দুদিন সে প্রেমিক তার বাড়িতে অবস্থান করে সুযোগ বুঝে গত শুক্রবার আরফিনা ও তার প্রেমিক পাড়ি জমায় যশোরে।

পরবর্তীতে আরফিনার পরিবার আজ শনিবার যশোরে গেছে আরফিনা ও তার প্রেমিকের পরিবারের সাথে বসে সমাধান করতে।আরফিনার দাদী জানান

আরফিনার স্বামী তো তাকে আর নেবেনা। এখন সেখানেই দিতে হবে।আরফিনার মা জানান মেয়ে তার কাছে চলে গেছে এখন দেখা যাক কি হয়।স্থানীয় অনেকে নাম না প্রকাশ করার শর্তে বলেন আরফিনার মা ও তার ছোট মা যশোরের ছেলের সাথে প্রেমের সব সম্পর্ক জানে। ওর ছোট মা ছেলেকে ডেকে এনে তার হাতে কৌশলে তুলে দিয়ে এখন নাটক করছে।কারন আরফিনার বাবা প্রবাসে থাকে সে জানলে তাদের বকাবকি করবে।
ঘরে নতুন স্বামী রেখে প্রেমিকের হাত ধরে চলে যাওয়ার আরফিনার প্রতি ছি ছি রব উঠেছে এলাকায়।সেই সাথে আরফিনার বাল্য বিবাহ দেবার সাথে জড়িত তার অভিভাবক, ঘটক ও যিনি বিবাহ পড়িয়েছেন তার কঠোর শাস্তির দাবী তুলেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

চুয়াডাঙ্গায় মুক্তিযোদ্ধার প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত

চুয়াডাঙ্গায় বীরমুক্তিযোদ্ধার বিরুদ্ধে বানোয়াট মিথ্যা অভিযোগ তুলে মানববন্ধন এবং প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত করা হয়েছে। এঘটনায় অভিযুক্তদের গ্রেফতারের দাবি জানিয়ে দর্শনা মুক্তিযোদ্ধা পৌর কমান্ডারের পক্ষ থেকে প্রতিবাদ জানানো হয়েছে।

আজ শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে ওয়েভ ফাউন্ডশনের চাকুরীহারা কর্মীদের ব্যানারে কতিপয় ব্যাক্তি এহন কর্মকান্ড ঘটায়।

চুয়াডাঙ্গা দর্শনার বীরমুক্তিযোদ্ধা মহসিন আলীর ওয়েভ ফাউন্ডেশনের নামের একটি এনজিও প্রতিষ্ঠন রয়েছে। যার নির্বাহী পরিচালক মহসীন আলী। বিভিন্ন সময়ে আর্থীক অনিয়ম এবং নারী কেলেংকারীর অভিযোগে এ প্রতিষ্ঠন থেকে কিছু কর্মী চাকুরীচ্যুত হয়। এতে ক্ষিপ্ত হয়ে কতিপয় কর্মী পরিচালকের বিরুদ্ধে নানা মিথ্যা বানোয়াট অভিযোগ তুলে শনিবার চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে মানববন্ধন করে।